দৈনিক খবর
তারিখ 14 MAR 1991
পৃষ্ঠা ১ কলাম ৭

02

**ছাত্রী ভর্তি নিয়ে উত্তেজনা**

# ইসলামী ভার্সিটিতে ১৪৪ ধারা জারি

কুষ্টিয়া, ১৩ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তিকে কেন্দ্র করে সর্বদলীয় ছাত্র ঐক্য ও ছাত্র শিবিরের মধ্যে উত্তেজনার প্রেক্ষিতে স্থানীয় প্রশাসন বিশ্ববিদ্যালয় চত্বর ও তার পার্শ্ববর্তী এলাকায় ১৪৪ ধারা জারি করেছে।

চলতি বছর থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রী ভর্তি, কোটা পদ্ধতি বাতিল ও সকল ধর্মাবলম্বীদের ভর্তি করার সিদ্ধান্ত নেয়া হয়। এ সুযোগদানের প্রতিবাদে মাদ্রাসা ছাত্র ঐক্য আজ উপাচার্যের কার্যালয়ের সামনে এক প্রতিবাদ সভার আয়োজন করে। একই স্থানে সর্বদলীয় ছাত্র ঐক্য একই সময়ে এক সমাবেশের আয়োজন করে। ফলে সম্ভাব্য গোলযোগ এড়ানোর লক্ষ্যে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় এলাকায় ১৪৪ ধারা জারি করেন।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে জামায়াত-শিবিরের নগ্ন চক্রান্তের প্রতিবাদে আজ সর্বদলীয় ছাত্র ঐক্য কুষ্টিয়া জেলা শাখা এক বিক্ষোভ মিছিলের আয়োজন করে। শত শত ছাত্র কুষ্টিয়া সরকারী কলেজ প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে মজমপুরে এক সমাবেশের আয়োজন করে।

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## ইসলামী

প্রথম পৃষ্ঠার পর

সমাবেশে স্থানীয় ছাত্রনেতারা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি কোটা পদ্ধতি বাতিল ও সকল ধর্মাবলম্বীদের ভর্তির সুযোগ দেয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অভিনন্দন জানান।

ছাত্রলীগ (হা-অ) ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান আলম সাজু ও সাধারণ সম্পাদক কাইউম খান এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ভর্তিকে কেন্দ্র করে জামায়াত-শিবিরের চক্রান্তের তীব্র প্রতিবাদ জানান।